# শরীয়তপুরে অস্ত্র ও মাদকসহ সাবেক ছাত্রদল নেত্রী গ্রেপ্তার



শরীয়তপুরে বিপুল অস্ত্রসহ গ্রেপ্তার সাবেক ছাত্রদল নেত্রী। ছবি : সংগৃহীত

শরীয়তপুর পৌর এলাকায় সেনাবাহিনীর বিশেষ অভিযানে জেলা ছাত্রদলের সাবেক নেত্রী ইলোরা হাওলাদারকে গ্রেপ্তার করা হয়েছে। তার সঙ্গে বিপুল পরিমাণ অবৈধ আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ ও মাদক উদ্ধার করা হয়েছে।

ইলোরা হাওলাদার আগে জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ছিলেন এবং বর্তমানে মহিলা দলের রাজনীতির সঙ্গে যুক্ত।

রাত সাড়ে ২টার দিকে ৫ ইস্ট বেঙ্গল রেজিমেন্টের একটি দল, মেজর সাজেদুর রহমানের নেতৃত্বে, আর্মি ক্যাম্পের তত্ত্বাবধানে অভিযান চালায়। অভিযানটি পালং মডেল থানাধীন স্বর্ণঘোষ এলাকায় মন্টু তালুকদারের বাড়িতে পরিচালিত হয়। বাড়িতে মন্টু উপস্থিত না থাকায় ইলোরা হাওলাদারকে গ্রেপ্তার করা হয়।

অভিযানকালে বাড়ি থেকে একাধিক অবৈধ সরঞ্জাম জব্দ করা হয়েছে। এর মধ্যে রয়েছে শটগান, ৭১ রাউন্ড কার্তুজ, দুটি একে-২২ বোর রাইফেল ও ৫৭ রাউন্ড গুলি, তিনটি ম্যাগাজিন, ৯ এমএম পিস্তলের ১২ রাউন্ড গুলি, মোট ছয়টি মোবাইল ফোন, তিনটি রাউটার, ল্যাপটপ, ট্যাব, কম্পিউটার এক্সেসরিজ, একটি মোটরসাইকেল, ডেগার, বিদেশি মদ, পাসপোর্ট, চেকবুক, ভিসা কার্ড, বিদেশি মুদ্রা এবং একাধিক সিম ও মেমোরি কার্ড।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে, গ্রেপ্তারের পর আইনগত প্রক্রিয়া শুরু হয়েছে।

LENS ASIA